

## অনুষ্ঠিত হল আইইউবিএটি'র নবীন শিক্ষার্থীদের পরিচিতি পর্ব

প্রেস রিলিজ

৭ সেপ্টেম্বর ২০২৩ ০৭:৩১ পিএম | আপডেট: ৭ সেপ্টেম্বর ২০২৩ ০৮:০১ পিএম



আইইউবিএটি'র নিজস্ব ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে ফল সেমিস্টারের নবীন শিক্ষার্থী পরিচিতি পর্ব।

advertisement..

ঢাকার উত্তরার ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস এগ্রিকালচার অ্যান্ড টেকনোলজির (আইইউবিএটি) ফল সেমিস্টারের নবীন শিক্ষার্থী পরিচিতি পর্ব অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার আইইউবিএটি'র নিজস্ব ক্যাম্পাসে এই পরিচিতি পর্বের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে নতুন শিক্ষার্থীদের আইইউবিএটি'র মিশন, ভিশন, একাডেমিক নিয়ম, ক্যারিয়ার সার্ভিস, গ্রন্থাগার, আইটি, ক্লাব অ্যাক্টিভিটি, পরিবহন ব্যবস্থা ও অন্যান্য সুযোগ-সুবিধা নিয়ে ভিডিও চিত্র দেখানো হয় এবং বিশ্ববিদ্যালয়ের পরিচিতি তুলে ধরা হয়।

advertisement

সকাল ১১টায় শুরু হওয়া অনুষ্ঠানে শিক্ষার্থীরা এবং তাদের অভিভাবকরা অংশ নেন।

আইইউবিএটি'র উপাচার্য অধ্যাপক ড.আব্দুর রবের সভাপতিত্বে শিক্ষার্থীদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন উপ-উপাচার্য মাহমুদুর রহমান, রেজিস্ট্রার অধ্যাপক ড. মো. লুৎফর রহমান, প্রকৌশল অনুষদের ডীন অধ্যাপক ড. মো. মনিরুল ইসলাম এবং কৃষি অনুষদের ডীন অধ্যাপক ড. মো. শহীদুল্লাহ মিয়া।

উপাচার্য অধ্যাপক ড.আব্দুর রব তার বক্তব্যে বলেন, 'বিশ্ববিদ্যালয়ের প্রথম দিন থেকে পড়াশোনায় মনোযোগ দিতে হবে। লক্ষ্য রাখতে হবে নিজের স্বাস্থ্যের দিকে। পড়াশোনার জন্য যে পরিবেশ প্রয়োজন আইইউবিএটি তা নিশ্চিত করে। তাই কোনভাবেই নিজ নিজ লক্ষ্য হারিয়ে ফেলা চলবেনা। '

তিনি নবীন শিক্ষার্থীদের ধন্যবাদ জানান এবং তাদের সুখী-সমৃদ্ধ বাংলাদেশের রূপায়ণে নিবেদিত হতেও আহ্বান জানান।

অনুষ্ঠানে, সব বিভাগের বিভাগীয় প্রধান, পরিচালক, কো-অর্ডিনেটর, শিক্ষকরা, অ্যালামনাই, কর্মকর্তা, কর্মচারী উপস্থিত ছিলেন। পরিচয় পর্ব শেষে নবীন শিক্ষার্থীরা তাদের প্রিয় ক্যাম্পাস ঘুরে দেখেন।

উল্লেখ্য সম্প্রতি ছয়টি অনুষদের অধীনে দশটি স্নাতক ও দুইটি স্নাতকোত্তর কোর্সে বিপুল সংখ্যক পরীক্ষার্থীর অংশগ্রহণে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।